সংবাদ

014

তারিখ ... 23 OCT 1985 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

## প্রাথমিক পর্যায়ে বিনামূল্যের বই

# পঞ্চম শ্রেণী পর্যন্ত সেট অনুযায়ী পাঠানো হচ্ছে না

।। এ,এম, এম হাসান ।।

প্রাথমিক শিক্ষা পরিদপ্তর গত ১লা অক্টোবর থেকে আগামী বছরের প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের বিনামূল্যের বই জেলা পর্যায়ে পাঠানোর কাজ শুরু করেছে। কিন্তু বই ছাপানোর কাজ সময় মত শেষ না হওয়ায় প্রতি ক্লাসের বই সেট অনুযায়ী পাঠানো সম্ভব হচ্ছে না। ফলে নির্ধারিত কর্মসূচী অনুযায়ী আগামী ১৫ই জানুয়ারীর মধ্যে স্কুল পর্যায়ের ছাত্র-ছাত্রীদের হাতে বই পৌছানো সম্ভব হবে না বলে আশংকা করা হচ্ছে।

আগামী বছর প্রথম শ্রেণীর ৩৪ লাখ সেট, দ্বিতীয় শ্রেণীর ২৪ লাখ সেট, তৃতীয় শ্রেণীর ১৭ লাখ সেট, চতুর্থ শ্রেণীর ১৩ লাখ সেট এবং পঞ্চম শ্রেণীর ১০ লাখ সেট বই বিনামূল্যে বিতরণ করা হবে। এছাড়া ইউনিসেফের সরাসরি তত্ত্বাবধানে প্রথম শ্রেণীর পূর্ব প্রস্তুতিমূলক পাঠ হিসেবে আরও ১০ লাখ বই বিতরণ করা হবে।

গত ১৭ই অক্টোবর পর্যন্ত প্রথম শ্রেণীর ১০ লাখ সেট, দ্বিতীয় শ্রেণীর ৭ লাখ সেট এবং চতুর্থ শ্রেণীর ৫৫ হাজার সেট বই জেলা পর্যায়ে পাঠানো হয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃপক্ষ সেট অনুযায়ী বই সরবরাহ করতে পারছে না বলে বর্তমানে সেট ছাড়া বিভিন্ন শ্রেণীর বই জেলা পর্যায়ে পাঠানো হচ্ছে। আমদানীকৃত অফসেট কাগজ বিলম্বে পৌছায় বোর্ড কর্তৃপক্ষ

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

### বিনামূল্যে বই

(১ম পাতার পর)

সময়মত বই ছাপাতে পারেনি। আগামী ১৫ই নভেম্বরের মধ্যে বোর্ড কর্তৃপক্ষ প্রতি ক্লাসের বই সেট অনুযায়ী সরবরাহ করতে সক্ষম হবে বলে জানা গেছে। কিন্তু নভেম্বর থেকে জেলা পর্যায়ে বই পাঠানো শুরু করলে বিআরটিসি থেকে প্রয়োজনীয় ট্রাক পাওয়া যাবে না। তাই প্রাথমিক শিক্ষা পরিদপ্তর কাজ কিছুটা এগিয়ে রাখার উদ্দেশ্যে সেট ছাড়া বিচ্ছিন্নভাবেই জেলা পর্যায়ে বই পাঠাচ্ছে।

এ সম্পর্কে একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছেন, সেট অনুযায়ী জেলা পর্যায়ে বই পাঠানো সম্ভব হচ্ছে না বলে সমস্যা দেখা দিতে পারে। সেট না মিলিয়ে জেলা থেকে উপজেলা পর্যায়ে বই পাঠিয়ে লাভ হবে না। তাই বর্তমানে জেলা পর্যায়ে বই জমা হতে থাকবে। পরবর্তীকালে প্রতিটি জেলায় নির্দিষ্টসংখ্যক বই পাঠানোর কাজ শেষ হলেই উপজেলা পর্যায়ে বই পাঠানোর কাজ শুরু হবে। তাই নির্ধারিত কর্মসূচী অনুযায়ী আগামী বছরও ১৫ই জানুয়ারীর মধ্যে ছাত্র-ছাত্রীদের হাতে বই পৌছবে না।

#### শিক্ষা উপমন্ত্রীর বক্তব্য

শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দিন আহমেদ বাবলু প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের বিনামূল্যের বই বিতরণ কর্মসূচী সরাসরি তত্ত্বাবধান করছেন। বই বিতরণ সমস্যা প্রসঙ্গে 'সংবাদ' প্রতিনিধির কাছে শিক্ষা উপমন্ত্রী বলেছেন, বই ছাপার ক্ষেত্রে কিছু সমস্যা দেখা দিয়েছিল। বর্তমানে আমরা সব সমস্যা কাটিয়ে উঠতে সক্ষম হয়েছি। আমরা আগামী বছরের জানুয়ারী মাসের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের সব ছাত্র-ছাত্রীদের হাতে সেট অনুযায়ী বই পৌছে দিতে সক্ষম হবো। শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে বই বিতরণের কাজ নিয়মিত মনিটরিং করা হচ্ছে বলে, তিনি উল্লেখ করেন।